২৪।০৮।১৫

অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস

সমকাল

দ্বিতীয় সংস্করণ

www.samakal.net

খবর
বিশ্বে বসবাসে অযোগ্য শহরের
তালিকায় আবারও দ্বিতীয় ঢাকা

বোল্টই রাজা ● পৃষ্ঠা-১০

● ইয়েমেনে শহর দখল আল কায়দার : পৃষ্ঠা-১২ ● বাঙালি উদ্যোক্তার ব্যাংক চালু হলো ভারতে : পৃষ্ঠা-১৪

প্যাঁচআল | মূল কাগ
৮ পৃষ্ঠার

সোমবার ২৪ আগস্ট ২০১৫

৯ ভাদ্র ১৪২২ ৮ জিলকদ ১৪৩৬, রেজি. নং ডিএ ৪০৬৪, বর্ষ ১১ সংখ্যা ১৫১ | ট্যাবলয়েডসহ ২৮ পৃষ্ঠা ১০ টাকা | /samakal.net | /sama

রোববার পাকশীর হার্ডিঞ্জ ব্রিজ পরিদর্শন করেন দেশি-বিদেশি অর্ধশতাধিক সেতু বিশেষজ্ঞ ও প্রকৌশলী

■ সমকাল

পরিদর্শনকালে জামিলুর রেজা চৌধুরী

সুষ্ঠু রক্ষণাবেক্ষণে হার্ডিঞ্জ ব্রিজ আরও ২৫ বছর টিকবে

■ পাবনা অফিস ও ঈশ্বরদী প্রতিনিধি

আন্তর্জাতিক সেতু বিশেষজ্ঞ প্রফেসর ড. জামিলুর রেজা চৌধুরী বলেছেন, হার্ডিঞ্জ ব্রিজের স্থায়িত্বকাল শতবর্ষ অতিক্রম করলেও সুষ্ঠু রক্ষণাবেক্ষণ করে ব্রিজটিকে আরও ২৫ বছর ট্রেন চলাচলের উপযোগী রাখা সম্ভব। প্রাকৃতিক ও সামাজিক বিরূপ প্রভাব না পড়লে ২৫ বছরেও সেতুর তেমন কোনো ক্ষতির সম্ভাবনা নেই। এ জন্য তিনি পদ্মা নদীর হার্ডিঞ্জ ব্রিজ এলাকা থেকে বালু উত্তোলন বন্ধ করতে সরকারকে অনুরোধ জানান। হার্ডিঞ্জ ব্রিজের বর্তমান অবস্থা সরেজমিনে পরিদর্শন করতে এসে গতকাল রোববার জামিলুর রেজা চৌধুরী এসব কথা বলেন। হার্ডিঞ্জ ব্রিজের একশ' বছর পূর্তির বছরটি উদযাপন এবং ব্রিজের বর্তমান অবস্থা পরিদর্শন করতে গতকাল ঈশ্বরদীতে এসেছিলেন দেশি-বিদেশি প্রায় অর্ধশত বিশেষজ্ঞ প্রকৌশলী। তারা প্রায় দেড় ঘণ্টা ব্রিজটি পর্যবেক্ষণ করেন।

পরিদর্শক দলে বাংলাদেশ, ভারত, জাপান, হাঙ্গেরি ও স্পেনের ৪০ জন বিশেষজ্ঞ প্রকৌশলীসহ রেলের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। হার্ডিঞ্জ ব্রিজ স্পেশাল ট্রেনে চেপে গতকাল ঢাকা থেকে দুপুর সাড়ে ১২টার দিকে তারা পাকশী রেলওয়ে স্টেশনে আসেন। স্থানীয় সড়ক ও জনপথ গেস্ট হাউস মিলনায়তনে হার্ডিঞ্জ ব্রিজের জন্মলগ্ন থেকে বর্তমান অবস্থা সম্পর্কে একটি দীর্ঘ প্রেজেন্টেশন ও সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় শেষে হার্ডিঞ্জ ব্রিজ পরিদর্শন করেন তারা। মতবিনিময় অনুষ্ঠানে রেলওয়ের মহাব্যবস্থাপক (ডিজি) আমজাদ হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। এ সময় মুক্তিযুদ্ধে হার্ডিঞ্জ ব্রিজের ভেঙে পড়া স্প্যান নির্মাণের সময়ে কর্মরত ভারতীয় প্রকৌশলী ড. অমিতাভ ঘোষাল, পশ্চিমাঞ্চল রেলের প্রধান প্রকৌশলী মাহাবুবুর রহমান বকশী, মহাব্যবস্থাপক (জিএম) খায়রুল আলম, সেতু বিশেষজ্ঞ প্রকৌশলী সাইফুল আমীন, ড. আজাদুর রহমান, ড. তৌফিক আনোয়ার, ড. আবদুর রউফ প্রমুখ উপস্থিত ছিলেন।